**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

# বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

**অফিস: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা**

পত্র নং: আশিবো/প্রশা/২০১০/৯০ তারিখ: ২০/০৭/২০২৬ খ্রি.

**বিষয়: প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা-২০২৬ উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক ফুটবল দল গঠন ও প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানাচ্ছি, আগামী ৯ আগস্ট ২০২৬ তারিখে চট্টগ্রাম স্টেডিয়ামে প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬-এর সরাসরি শুভ উদ্বোধন করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান**। উক্ত ফুটবল প্রতিযোগিতা সমগ্র বাংলাদেশে একই তারিখ ও সময়ে একযোগে শুরু হবে।

ফুটবল প্রতিযোগিতায় দেশের নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (বাংলাদেশ মাদ্রাসা ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের প্রতিষ্ঠানসহ) শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ থাকবে। এ লক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রদের একটি ফুটবল দল এবং ছাত্রীদের একটি ফুটবল দল (ঐচ্ছিক) গঠন করা এবং দলকে প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা অত্যন্ত জরুরি।

এ প্রেক্ষিতে সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো—

১। প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্য থেকে যোগ্যতার ভিত্তিতে ছাত্র ফুটবল দল এবং ছাত্রী ফুটবল দল (ঐচ্ছিক) গঠন করতে হবে।

২। গঠিত দলের জন্য অভিজ্ঞ শিক্ষক/প্রশিক্ষকের তত্ত্বাবধানে নিয়মিত অনুশীলনের ব্যবস্থা করতে হবে।

৩। শিক্ষার্থীদের মধ্যে খেলাধুলার আগ্রহ বৃদ্ধি এবং দক্ষ খেলোয়াড় নির্বাচনের লক্ষ্যে শ্রেণিভিত্তিক আন্তঃশ্রেণি ফুটবল প্রতিযোগিতার আয়োজন করতে হবে।

৪। খেলাধুলার মাধ্যমে শৃঙ্খলা, নেতৃত্ব, দলগত চেতনা ও সুস্থ জীবনধারার বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

৫। প্রতিযোগিতা সংক্রান্ত পরবর্তী নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে।

উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন, স্থানীয় ক্রীড়ানুরাগী, রাজনৈতিক ব্যক্তিত্ব ও শিক্ষানুরাগীদের সম্পৃক্ত করে প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ সফলভাবে বাস্তবায়নে আন্তরিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান
সভাপতি
আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ০২-৯৬১৫২৩৫

১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
২. প্রধান শিক্ষক/অধ্যক্ষ, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. জেলা প্রশাসক, সকল জেলা
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৭. অফিস কপি।